



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/২৮(৬)

তারিখ : ৩০ জানুয়ারি, ২০২৫

নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ নিম্নোক্ত পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বিভাগ/দপ্তর	সংখ্যা	বেতন স্কেল
১	টেকনোলজিস্ট	সিএসই বিভাগ	১	১৬০০০-৩৮৬৪০/(গ্রেড: ১০)
২	টেকনোলজিস্ট	পদার্থবিজ্ঞান বিভাগ	১	
৩	উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)	প্রকৌশল দপ্তর	১	
৪	পিএ	ভাইস চ্যান্সেলর মহোদয়ের দপ্তর	১	১২৫০০-৩০২৩০/(গ্রেড: ১১)
৫	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর	১	৯৩০০-২২৪৯০/(গ্রেড: ১৬)
৬	গার্ড	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল	১	৮২৫০-২০০১০/(গ্রেড: ২০)

আবেদনের শেষ তারিখ : ২০ ফেব্রুয়ারি, ২০২৫

আবেদনের প্রক্রিয়া:


প্রার্থীকে career.sust.edu তে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করে প্রথমে প্রোফাইল তৈরি করে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। অফলাইনে/সরাসরি আবেদন গ্রহণযোগ্য নয়। অনলাইনে আবেদনের সময় যেসব বিষয় আপলোড করতে হবে :

- (ক) সকল সনদপত্র/প্রশংসাপত্রের স্ক্যান করা পিডিএফ কপি (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০/৩০০ পিক্সেল)
(গ) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (ঘ) নির্ধারিত ১, ২ ও ৩নং পদের জন্য ৫০০/(পাঁচশত) টাকা, ৪নং পদের জন্য ৩০০/(তিনশত) টাকা, ৫নং পদের জন্য ২০০/(দুইশত) টাকা এবং ৬নং পদের জন্য ১০০/(একশত) টাকার ফি (সব ধরনের চার্জ ব্যতিত) অনলাইনে আবেদনের সময় পরিশোধ করতে হবে (ঙ) জাতীয় পরিচয়পত্রের স্ক্যান করা পিডিএফ কপি কিংবা জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্মনিবন্ধন সনদের স্ক্যান করা পিডিএফ কপি (চ) প্রার্থীর স্বাক্ষর (৩০০/৮০ পিক্সেল)
(ছ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমাণপত্র।

যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত:

যোগ্যতা ও অভিজ্ঞতার কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sust.edu থেকে ডাউনলোড করা যাবে অথবা career.sust.edu এ 'বিস্তারিত দেখুন' অপশনের নিচের অংশে 'প্রকাশিত বিজ্ঞপ্তি' পাওয়া যাবে। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।


(সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)





শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/২৮(৬)

তারিখ : ৩০ জানুয়ারি, ২০২৫

টেকনোলজিস্ট (সিএসই বিভাগ)

প্রার্থীর কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট থেকে ০৪(চার) বছর মেয়াদী ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স/কম্পিউটার বিষয়ে ন্যূনতম ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা থাকতে হবে। শিক্ষাজীবনে ৩য় শ্রেণী/বিভাগ/সমমানের গ্রেড গ্রহণ যোগ্য নয়।

বয়স : সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর।

উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)

প্রার্থীর কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট থেকে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স/সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ০৪(চার) বছর মেয়াদী ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা থাকতে হবে।

শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় শ্রেণী/বিভাগ/সমমানের গ্রেড গ্রহণ যোগ্য নয়।

বয়স : সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর।

টেকনোলজিস্ট (পদার্থবিজ্ঞান বিভাগ)

প্রার্থীর কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট থেকে ০৪(চার) বছর মেয়াদী ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স/মেকানিক্যাল/সিভিল বিষয়ে ন্যূনতম ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা থাকতে হবে। শিক্ষাজীবনে ৩য় শ্রেণী/বিভাগ/সমমানের গ্রেড গ্রহণ যোগ্য নয়।

বয়স : সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর।

পিএ

ক) স্নাতক ডিগ্রী/ সমমানের পরীক্ষা পাশ ও কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এ ইংরেজি ও বাংলা টাইপিংয়ে প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২০ টি শব্দ গতিসহ এমএস অফিসের বিভিন্ন প্রোগ্রামে জ্ঞান সম্পন্ন হতে হবে।

খ) শিক্ষা জীবনে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে।

গ) বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের উচ্চমান সহকারী হিসাবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা অথবা অফিস সহকারী ও উচ্চমান সহকারী হিসাবে ১০ (দশ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: সর্বোচ্চ ৩৫ (পঁয়ত্রিশ) বৎসর।

অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর

ক) প্রার্থীকে উচ্চমাধ্যমিক/ সমমান পরীক্ষায় পাশ ও কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এ ইংরেজি ও বাংলা টাইপিংয়ে প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২০ টি শব্দ গতিসহ এমএস অফিসের বিভিন্ন প্রোগ্রামে জ্ঞান সম্পন্ন হতে হবে।

খ) শিক্ষা জীবনে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে।

বয়স: সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর।

গার্ড

এসএসসি/সমমান পাস অথবা ৮ম শ্রেণী পাস সহ বিশ্ববিদ্যালয়/সরকারী/ অধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতা।

বয়স: সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর

(সৈয়দ হালিম মোহাম্মদ আব্দুল কাদির)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)